

## সনদপত্রের অভাবে কারিগরি শিক্ষা বোর্ডের অনেক শিক্ষার্থী ভর্তি হতে পারছে না

রাষ্ট্রশাস্ত্রী ব্যুরো

কারিগরি শিক্ষা বোর্ডের অধীনে ২০০৭ সালের এইচএসসি পরীক্ষায় উত্তীর্ণ কয়েক হাজার শিক্ষার্থী জাতীয় বিশ্ববিদ্যালয়ের অনার্স শ্রেণীতে ভর্তি হতে না পারার আশংকা দেখা দিয়েছে। জানা গেছে, এই শিক্ষার্থীরা এখনও সনদপত্র না পাওয়ার কারণে এ অবস্থার সৃষ্টি হয়েছে। ভুক্তভোগী শিক্ষার্থীরা এ সমস্যা নিরসনের জন্য কারিগরি শিক্ষা বোর্ড ও জাতীয় বিশ্ববিদ্যালয়ের মধ্যে সমঝের দাবি জানিয়েছেন। সংশ্লিষ্ট একটি সূত্রে জানা গেছে, জাতীয় বিশ্ববিদ্যালয়ের অধীনে ২০০৭-০৮ শিক্ষাবর্ষে অনার্স কোর্সে ভর্তি শিক্ষার্থীদের ভর্তির পর্তাবলীর মধ্যে আবেদনের সঙ্গে এইচএসসি ও সমমানের পরীক্ষার সনদপত্র সংযুক্ত করতে বলা হয়েছে। ইতিমধ্যে ২০০৭ সালের এইচএসসি ও মাদ্রাসা শিক্ষা বোর্ডের অধীনে আলিম পরীক্ষার সব সনদপত্র শিক্ষা বোর্ড থেকে সংশ্লিষ্ট সব শিক্ষা প্রতিষ্ঠানের শিক্ষার্থীদের কাছে পৌঁছে গেছে। ৩য় কারিগরি শিক্ষা বোর্ডের অধীনে ২০০৭ সালের এইচএসসি (বিএম) পরীক্ষায় উত্তীর্ণদের সনদপত্র এখনও বোর্ড থেকে সংশ্লিষ্ট শিক্ষা প্রতিষ্ঠানে পৌঁছাতে পারেনি। ফলে এই

বোর্ডের অধীনে এইচএসসি পরস্কৃত কয়েক হাজার শিক্ষার্থী জাতীয় বিশ্ববিদ্যালয়ের অধীনে ভর্তি হতে পারেনি। অনার্স প্রথম পর্বে ভর্তি

ব্যাপারে চরম সংকট এবং অনিশ্চয়তার মধ্যে পড়েন। এই শিক্ষার্থীদের অভিভাবকদের মধ্যেও এ ব্যাপারে চরম হতাশার সৃষ্টি হয়েছে বলে জানা গেছে। এ ব্যাপারে ইকবরুলী সরকারি কলেজের উপাধ্যক্ষ আবদুর রউফ ভানান, তাদের করার কিছু নেই। জাতীয় বিশ্ববিদ্যালয়ের ভর্তি নীতিমালা অনুযায়ী শিক্ষার্থীদের মূল সনদপত্র ছাড়া অনার্সে ভর্তি করা সম্ভব নয়। বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ডের চেয়ারম্যান প্রফেসর ড. নিতাই চন্দ্র সূত্রধর এ ঘটনার সত্যতা স্বীকার করে বলেন, বিষয়টি আমরা অবগত হওয়ার পরে জরুরি পদক্ষেপ নেয়া হয়েছে। আগামী বাসের মাধ্যমেই সমস্যা মেটাতে প্রতিটি প্রতিষ্ঠানে সনদপত্র পৌঁছে যাবে বলে তিনি আশাবাদ ব্যক্ত করেন।